গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
কর্মসম্পাদন ও কৌশল শাখা
www.ictd.gov.bd

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সামসুল আরেফিন<br>সচিব |
| সভার তারিখ | **২৬ নভেম্বর ২০২৩ খ্রি.** |
| সভার সময় | **বেলা ১১:০০ টা** |
| স্থান | সম্মেলনকক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য এ বিভাগের সিটিজেনস চার্টারের সমন্বয়ককে (উপসচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা) অনুরোধ করেন।সিটিজেনস চার্টারের সমন্বয়ক এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম-পরিকল্পনা, ২য় ত্রৈমাসিকের এ পর্যন্ত অগ্রগতি ও সিটিজেনস চার্টার সভায় উপস্থাপন করেছেন। উপস্থাপনান্তে সিটিজেনস চার্টারের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণকালে দেখা যায় এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার আপডেট করা করা হয়েছে। পরিশেষে উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | অগ্রগতি | বাস্তবায়নের হার |
|---|---|---|---|
| ১. | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার কোয়ার্টার ভিত্তিক যথাসময়ে আপডেটপূর্বক স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করে এ শাখায় প্রেরণ করতে হবে। | স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করে এ শাখায় প্রেরণ করা হয়েছে। | ১০০% |
| ২. | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার লিংকবেজড সিটিজেনস চার্টার আরো জনবান্ধব করতে হবে। | সেবাসমূহ লিংকবেজড করার মাধ্যমে সিটিজেনস চার্টার আরো জনবান্ধব করা হয়েছে। | ১০০% |
| ৩. | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেনস চার্টার কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ ও উর্ধ্বতন অফিসে প্রেরণ করতে হবে। | নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ ও উর্ধ্বতন অফিসে প্রেরণ করা হয়েছে। | ১০০% |
| ৪. | যে সকল দপ্তরের আওতাধীন অফিস নেই সে সকল দপ্তরকে প্রতি কোয়ার্টারে স্টেকহোল্ডার সভা আয়োজন করতে হবে। | স্টেকহোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়েছে। | ১০০% |

**(খ) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেনস চার্টারের কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) -এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**

| ক্রম. নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | আইসিটি বিভাগের অগ্রগতি | আইসিটি অধিদপ্তরের অগ্রগতি | বিসিসি'র অগ্রগতি | বিএইচটিপিএ'র অগ্রগতি | সিসিএ'র অগ্রগতি | ডিএসএ'র অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|---|---|

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | [১.১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | ৪ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ২. | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | [১.২.১] আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত/ অবহিকরণ সভা আয়োজিত | ৪ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ৩. | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন। | [২.১.১] সভা আয়োজিত/ প্রতিবেদন প্রেরিত | ৪ | ২ | ২ | ১ | ১ | ১ | ১ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪. | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/ সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | [২.১.১] প্রশিক্ষণ/ কর্মশালা/ সেমিনার আয়োজিত/ বার্ষিক প্রতিবেদন প্রেরিত | ১ | কার্যক্রম চলমান রয়েছে | কার্যক্রম চলমান রয়েছে | কার্যক্রম চলমান রয়েছে | কার্যক্রম চলমান রয়েছে | কার্যক্রম চলমান রয়েছে | কার্যক্রম চলমান রয়েছে |

**(ক) সভার সিদ্ধান্ত:** সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার ২য় কোয়ার্টারে আপডেটপূর্বক স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করে প্রমাণকসহ এ শাখায় প্রেরণ করতে হবে। | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা |
| ২. | আগামী ডিসেম্বর/২০২৩ খ্রি. এর মধ্যে দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি পরিবীক্ষণ ও মূল্যায়ন সভা আয়োজন করতে হবে। | কর্মসম্পাদন ও কৌশল শাখা |
| ৩. | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেনস চার্টারের কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ ও উর্ধ্বতন অফিসে প্রেরণ করতে হবে। | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা |
| ৪. | কোন সেবা গ্রহীতা যাতে এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা হতে সেবা গ্রহণে ব্যর্থ না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা |
| ৫. | সেবা সহজীকরণের নিমিত্ত আগত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা |

(গ) অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯-১১-২০২৩
মোঃ সামসুল আরেফিন
সচিব
secretary@ictd.gov.bd

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০০.০০০০.০৫০.০৫.০০৬.২১.১০৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

২। অনুবিভাগ প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৩। উপসচিব , আইসিটি প্রমোশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৪। উপসচিব , রাজস্ব বাজেট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৫। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য] এবং
৬। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব ), ডিজিটাল কো-অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]।

২৯-১১-২০২৩
মোঃ আব্দুল আলীম তালুকদার
উপসচিব